আজকের কাগজ

03 OCT 1997

তারিখ ... 03 OCT ৯৭

পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১

09

# খুলনা পলিটেকনিক ইন্সটিটিউট সহিংস ঘটনার পর অনির্দিষ্ট কালের জন্যে বন্ধ

খুলনা পলিটেকনিক ইন্সটিটিউটে এক হামলায় ১৫ জন শিবিরকর্মী আহত হওয়ার পর ইন্সটিটিউট অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা করা হয়েছে। অভিযোগ রয়েছে জাতীয়তাবাদী ছাত্রদলের কর্মীরা এ হামলা চালিয়েছে। ঐ ঘটনায় ইন্সটিটিউটের অধ্যক্ষসহ চারজন শিক্ষকও আহত হয়েছেন। ইন্সটিটিউটের চারটি ছাত্রাবাস গতকাল সন্ধ্যা সাতটার মধ্যেই ছেড়ে দেয়ার জন্যে ছাত্রদের নির্দেশ দেয়া হয়। খবর ইউএনবি'র।

ক্যাম্পাসে এ সহিংস ঘটনার পর গতকাল বিকেলে অনুষ্ঠিত ইন্সটিটিউটের পরিচালনা পরিষদের বৈঠকে বন্ধের সিদ্ধান্ত নেয়া হয়।

আহতদের মধ্যে ১২ জনের পরিচয় জানা গেছে। তারা হলেন, ইসলামী ছাত্রশিবির খুলনা পলিটেকনিক ইন্সটিটিউটের সাধারণ সম্পাদক ফারুক হোসেন, মোশাররফ হোসেন, মহিউর, নাজমুল, কামাল, ইদ্রিস, আফজাল, বোরহান, [illegible], আলতাফ, ফেরদৌস এবং মিটু।